**Question no 5. HDI (Human Development Index) বা মানব উন্নয়ন সূচক**

**উওর**:

সংজ্ঞা: মানব উন্নয়ন সূচক (HDI) হলো একটি যৌগিক পরিমাপক যেটি একটি দেশের মানব উন্নয়নের স্তর পরিমাপ করে। এটি মূলত স্বাস্থ্য, শিক্ষা, এবং আর্থিক অবস্থা– এই তিনটি মৌলিক দিক বিবেচনা করে। এটি UNDP (United Nations Development Programme) কর্তৃক প্রথম প্রবর্তিত হয় ১৯৯০ সালে।

**HDI এর ৩টি প্রধান উপাদান:**

১. **স্বাস্থ্য**:

পরিমাপক: জন্মের সময় প্রত্যাশিত আয়ু

**অর্থ:** একজন নাগরিক গড়ে কত বছর বাঁচবে, তার পূর্বাভাস।

২. **শিক্ষা**:

দুটি সূচক ব্যবহার করা হয়:

ক) **গড় শিক্ষাবর্ষ:** ২৫ বছর বা তার বেশি বয়সীদের গড় শিক্ষাজীবন।

খ) **প্রত্যাশিত শিক্ষাবর্ষ** : একটি শিশুর স্কুলে কত বছর কাটাবে বলে প্রত্যাশা করা হয়।

৩. **জীবনমান**:

পরিমাপক: মাথাপিছু জাতীয় আয়, যা PPP (Purchasing Power Parity) অনুযায়ী হিসাব করা হয়

অর্থ: নাগরিকদের গড় অর্থনৈতিক সুযোগ ও সম্পদের প্রাপ্তি।

**HDI স্কোর ও শ্রেণিবিন্যাস:**

0.800 – 1.000 খুব উচ্চ মানব উন্নয়ন

0.700 – 0.799 উচ্চ মানব উন্নয়ন

0.550 – 0.699 মধ্যম মানব উন্নয়ন

0.000 – 0.549 নিম্ন মানব উন্নয়ন

সূচক গঠন করার সময় প্রতিটি চলরাশির সর্বোচ্চ ও সর্বনিম্ন মান নেওয়া হয়। জীবনের প্রত্যাশার ক্ষেত্রে সর্বনিম্ন ও সর্বোচ্চ মান হল 25 ও 85 বছর। বয়স্ক সাক্ষরতার ক্ষেত্রে এই মান দুটি হল '0' ও '100'। মাথাপিছু আয়ের প্রসার হল $100–$40,000 (এখানে অবশ্য মানগুলির লগারিদম্ নেওয়া হয়)।

**HDI গণনার পদ্ধতি**

HDI গঠনকারী উপাদান তিনটির প্রতিটির গঠনের সূত্র হল,

সূচক =প্রকৃত মান সর্বনিম্ন মান- সর্বনিম্ন মান/ সর্বোচ্চ মান – সর্বনিম্ন মান। (1নং সূত্র)

সূচক তিনটি আলাদা আলাদা করে গঠন করে প্রতিটি সূচকের 1/3 অংশ নিয়ে সেগুলিকে যোগ করলে, HDI-এর মান পাওয়া যায়। HDI-এর সর্বোচ্চ মান 'এক' এবং সর্বনিম্ন মান 'শূন্য'।

একটি উদাহরণের সাহায্যে বিষয়টি বোঝানো হল। (ক) জীবনের প্রত্যাশা বা আয়ুষ্কাল ধরা যাক ভারতের 61 বছর। অতএব আয়ুষ্কাল সূচক (Life Expectancy Index) বা LEI হবে (সূত্র 1 প্রয়োগ করে) LEI = 61- 25/85-25=36/60=0.6

(খ) শিক্ষাগত যোগ্যতা সূচক (Education Index) বা EI-এর পরিমাপ: EI পরিমাপ করার সময় প্রথমে বিদ্যালয়ে ভর্তির সূচক (Gross Enrolment Index বা GEI) পরিমাপ করতে হবে। ভারতের 90% ছেলেমেয়ে যদি বিদ্যালয়ে যায় তাহলে (সূত্র 1 প্রয়োগ হবে)।

GEI = 90-0/100-0=90/100=0.9

ভারতে বয়স্ক শিক্ষার হার 60% হলে বয়স্ক শিক্ষা সূচক (Adult Literacy Index বা ALI ) হবে

ALI = 60-0/100-0=60/100= 0.6

এবার GEI ও ALI থেকে ভরযুক্ত শিক্ষাসূচক (EI) হিসাব করতে হবে: EI=GEI x1/3 +ALI×2/3

=0.9×1/3+0.6× 2/3

=0.3+0.4

=0.7

(গ) ভারতের আয় সূচক (Income Index বা II) যদি 0.4 ধরা হয় তাহলে ভারতের HDI -এর মান দাঁড়াবে।

HDI = LEI×1/3+EI×1/3+II×1/3

= 0.6×1/3+0.7×1/3+00.4×1/3

= 0.2 + 0.233 + 0.133 = 0.566

**মানব উন্নয়ন সূচক (HDI)-এর গুরুত্ব :**

১. GDP শুধু অর্থনৈতিক দিক তুলে ধরে, কিন্তু HDI একজন মানুষের স্বাস্থ্য, শিক্ষা ও জীবনের মান বিবেচনায় নিয়ে উন্নয়ন মূল্যায়ন করে। তাই এটি উন্নয়নের গুণগত দিক বোঝাতে সহায়ক।

২. HDI ব্যবহার করে বিশ্বের বিভিন্ন দেশের মধ্যে উন্নয়নের তুলনা করা যায়। কোন দেশ কোন খাতে পিছিয়ে তা চিহ্নিত করা সহজ হয়।

৩. সরকার বা আন্তর্জাতিক সংস্থা HDI দেখে বুঝতে পারে, কোন খাতে (স্বাস্থ্য, শিক্ষা, আয়) উন্নয়নের জন্য বেশি বরাদ্দ বা পরিকল্পনা প্রয়োজন।

৪. একই দেশের মধ্যে অঞ্চলভেদে HDI ব্যবহার করে দেখা যায় কোথায় উন্নয়ন কম হচ্ছে—যেমন শহর ও গ্রামে পার্থক্য।

৫. HDI উন্নয়নের একটি সুষম ও টেকসই ধারণা দেয়, যা দারিদ্র্য দূরীকরণ ও সামাজিক ন্যায়বিচারে সাহায্য করে।

৬. HDI মূলত উন্নয়নের কেন্দ্রে মানুষকে রাখে, যা উন্নয়নের প্রকৃত উদ্দেশ্য।